



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১০৪০

তারিখঃ ০৯/০২/২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

৫৯৭ তম কমিশন সভা অদ্য ০৯/০২/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. অদ্যকার সভায় কমিশন Nurani Dyeing & Sweater Limited এর প্রতিটি ১০.০০ টাকা মূল্যের ৪.৩০ কোটি টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৪৩ (তেতাল্লিশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে Business expansion (i.e. purchase of machineries, equipments, steel structure and civil construction), Loan pay off এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৬ তারিখে সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণী অনুযায়ী নেট এ্যাসেট ভ্যালু (NAV without revaluation) টাকা ১৪.৩৭ এবং বিগত ৫টি আর্থিক বিবরণী অনুযায়ী weighted average শেয়ার প্রতি আয় (EPS) টাঃ ১.৭৯। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Imperial Capital Limited, EBL Investment Limited ও CAPM Advisory Limited।
২. ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর সুপারিশ এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ ব্রোকারস্ এসোসিয়েশন এর আবেদনের প্রেক্ষিতে এবং পুঁজিবাজারের স্বার্থ তথা বিনিয়োগকারীদের স্বার্থের বিষয়টি বিবেচনায় নিয়ে কমিশন Margin Rules, 1999 এর Rule 3(5) এর “----- The member shall not permit any new transactions in the margin account unless the resulting equity in the account would be not less than 150% of the debit balance” এর কার্যকারিতা স্থগিতাদেশের মেয়াদ আদেশ জারির তারিখ হতে ৬ (ছয়) মাস বর্ধিত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৩. কমিশন বে-মেয়াদী UFS-IBBL Shariah Unit Fund এর খসড়া প্রসপেক্টাস এর অনুমোদন প্রদান করেছে। মিউচুয়াল ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২০০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ২০ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ১৮০ কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০ টাকা। এ বে-মেয়াদী ফান্ডটি নিয়মিত বিনিয়োগ পরিকল্পনার (Systematic Investment Plan) আওতায় বিনিয়োগকারীদের নিকট ইউনিট বিক্রয় করিতে পারবে। ফান্ডটির উদ্যোক্তা Islami Bank Bangladesh Limited ও সম্পদ ব্যবস্থাপক Universal Financial Solutions Limited এবং ট্রাস্টি ও কাস্টডিয়ান Investment Corporation of Bangladesh।
৪. EXIM Bank Limited এর ৪০০ কোটি টাকার Mudaraba Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Mudaraba Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে, যা শুধুমাত্র আর্থিক প্রতিষ্ঠানসমূহ, ব্যাংক, ইন্স্যুরেন্স কোম্পানীসমূহ, কর্পোরেট হাউজ, অ্যাসেট ম্যানেজমেন্টে কোম্পানীসমূহ, মিউচুয়াল ফান্ড এবং সাধারণ বিনিয়োগকারীগণ প্রাইভেট প্রেসমেন্টের মাধ্যমে ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, EXIM Bank Limited এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Tier-II, মূলধন ভিত্তি শক্তিশালী করবে। উক্ত বন্ডটির প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের Mandated Lead Arranger হিসাবে Standard Chartered Bank এবং Trustee হিসাবে Green Delta Insurance Co. Limited দায়িত্ব পালন করছে।
৫. Shahjalal Islami Bank Limited এর ৪০০ কোটি টাকার Mudaraba Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Mudaraba Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে, যা শুধুমাত্র আর্থিক প্রতিষ্ঠানসমূহ, ব্যাংক, ইন্স্যুরেন্স কোম্পানীসমূহ, কর্পোরেট হাউজ, অ্যাসেট ম্যানেজমেন্টে কোম্পানীসমূহ এবং মিউচুয়াল ফান্ড প্রাইভেট প্রেসমেন্টের মাধ্যমে ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, Shahjalal Islami Bank Limited এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Tier-II, মূলধন ভিত্তি শক্তিশালী করবে। উক্ত বন্ডটির প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের Mandated Lead Arranger হিসাবে Standard Chartered Bank এবং Trustee হিসাবে Green Delta Insurance Co. Limited দায়িত্ব পালন করছে।


০৯/০২/২০১৭
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক
ও
মুখপাত্র।